

বিশ্বের লিখনরীতি আর্কাইভ

বিশ্বের বিভিন্ন দেশের ভাষাভাষী জনগোষ্ঠীর ভাষার লিপি সংরক্ষণ ও প্রচারের লক্ষ্যে আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউটে ২১শে ফেব্রুয়ারি, ২০১৯ (৯ ফাল্গুন ১৪২৫ বঙ্গাব্দ) তারিখে বিশ্বের লিখনরীতি আর্কাইভ প্রতিষ্ঠা করা হয়। আর্কাইভ সেবাকে আরও সহজীকরণের লক্ষ্যে দীর্ঘ প্রায় একবছর এর সংস্কার কাজ চলমান ছিল। প্রয়োজনীয় সংস্কার কাজ শেষে ২০ই মার্চ ২০২৫ (৬ই চৈত্র ১৪৩১) এ আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউটের শ্রদ্ধেয় পরিচালক অধ্যাপক ড. মুহাম্মদ আসাদুজ্জামান বিশ্বের লিখনরীতি আর্কাইভের শুভ উদ্বোধন করেন। বর্তমানে এটি আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউটের সপ্তম তলার পশ্চিম অংশে অবস্থিত। বিশ্বের লিখনরীতি আর্কাইভ সেবাকে আরও প্রাণবন্ত করতে ১ম বারের মতো এখানে চালু করা হয়েছে ডিজিটাল ডিসপ্লে। একইসাথে বিশ্বের লিখনরীতি আর্কাইভে আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট (আমাই) আর্কাইভ স্থাপন করা হয়েছে। বিশ্বের লিখনরীতি আর্কাইভে রয়েছে বিশ্বের ১৫৪টি ভাষার আদি লিখনরীতি ও লিখন বৈচিত্র্য (বর্ণমালা, লিখনশৈলী, শিলালিপি, চারুলিপি ইত্যাদি)। বিশ্বের লিখনরীতি আর্কাইভের সম্মুখ ভাগে রয়েছে বাংলাদেশ কর্নার। এখানে প্রদর্শিত হয়েছে বাংলাদেশের জাতীয় কবি কাজী নজরুল ইসলাম ও বিশ্বকবি রবীন্দ্রনাথ ঠাকুরের হস্তলিপির নমুনা। বিশ্বের লিখনরীতি আর্কাইভের বাংলাদেশ কর্নারে প্রদর্শিত আছে বাংলা ভাষার আদি নিদর্শন 'চর্যাপদ' এবং হাতে লেখা বাংলাদেশের সংবিধানের প্রতিলিপি। এছাড়া রয়েছে বিভিন্ন ভাষার লিপি যেমন: আজটেক লিপি, নকসি লিপি, জাপোটেক লিপি, মিকসটেক লিপি, ওঘাম লিপি ইত্যাদি। বিশ্বের লিখনরীতি আর্কাইভ সরকারি ছুটির দিন ব্যতীত সকাল ৯:৩০ থেকে বিকাল ৪:৩০ পর্যন্ত দর্শনার্থীদের জন্য উন্মুক্ত থাকে। উল্লেখ্য, বিশ্বের লিখনরীতি আর্কাইভ পরিদর্শনের জন্য কোনো প্রবেশ মূল্য নেই।



ছবি: বিশ্বের লিখনরীতি আর্কাইভ